

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-১ অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ২৬ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ/১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-১৫০—অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ১৪-১০-২০১৫ তারিখের ০৭.০০. ০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ নং প্রজ্ঞাপনের (ক) নং অনুচ্ছেদে পেনশনযোগ্য চাকরিকাল এবং পেনশনের পরিমাণ সংক্রান্ত টেবিলের নিচে প্রদত্ত ব্যাখ্যা নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হয়েছে মর্মে গণ্য হবে :

ব্যাখ্যা : ৫—২৪ বছরের পেনশনযোগ্য চাকরিকালের পেনশন কেবল নিম্নোক্ত ক্ষেত্রে প্রাপ্য হবেন :

- (১) বিএসআর পাট-১ এর সেকশন-৪ (বিধি-৩৩৭ ও ৩৩৮) অনুযায়ী যে কোন পেনশনযোগ্য চাকরির নিয়মিত অবসানে ;
- (২) একজন সরকারি কর্মচারী মৃত্যুবরণ করলে কিংবা বিএসআর পাট-১ এর সেকশন-৩ (বিধি-৩২১) অনুযায়ী সরকার কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা (শারীরিক ও মানসিক বৈকল্যের কারণে) স্থায়ীভাবে অক্ষম (Invalid) ঘোষিত হলে ;
- (৩) বিএসআর পাট-১ এর সেকশন-২ (বিধি-৩০৮) অনুযায়ী স্থায়ীপদ বিলুপ্তির কারণে ছাটাই করা হলে এবং অন্য কোন পদে আন্তীকরণ করা না হলে ক্ষতিপূরণ পেনশন প্রদানের ক্ষেত্রে ; এবং
- (৪) সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ১০ ধারার বিধান অনুযায়ী কোন কর্মচারীর বিরুদ্ধে অবসর গ্রহণের সময় বা, ক্ষেত্রমত, চাকরির অবসান হওয়ার সময় সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কোন বিচারিক বা বিভাগীয় কার্যক্রম নিষ্পন্ন হলে তাকে পেনশন ও অন্যান্য অবসর সুবিধাদি প্রদান উক্তরূপ কার্যক্রমের সিদ্ধান্ত সাপেক্ষে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম এনডিসি  
অতিরিক্ত সচিব ।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত । website: www.bgpress.gov.bd

(২৬৩০১)

মূল্য : টাকা ৪.০০